**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**18 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

==================================================================

১) কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ( সি-বি-আই )র দেশব্যাপী প্রতিবাদ সৃষ্টি করা কলকাতার একজন চিকিৎসককে ধর্ষণ এবং হত্যা মামলায় অভিযুক্ত সঞ্জয় রায়ের মনস্তাত্তিক দিকটি পরীক্ষা করার সিদ্ধান্ত ।

২) এই ঘটনার পরিপ্রেক্ষিতে গৌহাটি চিকিৎসা মহাবিদ্যালয় এবং হাসপাতাল কতৃপক্ষের হাসপাতাল প্রাঙ্গনের সুরক্ষার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করে নীতি নির্দেশনা জারী ।

৩) ২০২৬ সালের মধ্যে আসামকে দেশের দক্ষতা রাজধানী হিসেবে গড়ে তোলার জন্য রাজ্য সরকারের পদক্ষেপ গ্রহণ ।

৪) উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের সাধারণ মানুষ ও রেল কর্মীদের নি:স্বার্থ পরিষেবার স্বীকৃতিতে প্রথমবারের মত কর্মবীর পুরষ্কার প্রদান ।

---

কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ( সি-বি-আই ) দেশব্যাপী প্রতিবাদ সৃষ্টি করা কলকাতার একজন চিকিৎসককে ধর্ষণ এবং হত্যা মামলায় অভিযুক্ত সঞ্জয় রায়ের মনস্তাত্তিক দিকটি পরীক্ষা করবে । এর জন্য দিল্লীর কেন্দ্রীয় ফরেনসিক বিজ্ঞান পরীক্ষাগারের মনোবৈজ্ঞানিক বিশেষজ্ঞের একটি দল ইতিমধ্যেই কলকাতায় উপস্থিত হয়েছে । সি-বি-আই সঞ্জয় রায়কে

ইতিমধ্যেই তাদের হেপাজতে নিয়েছে । এদিকে আর জি কর চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ ডাক্তার সন্দিপ ঘোষকে গতকাল সি-বি-আই লাগাতার দ্বিতীয় দিন কয়েক ঘন্টা জিজ্ঞাসাবাদ করেছে । সি-বি-আই পুনরায় তাকে জেরা করার জন্য সমন জারী করেছে ।

এদিকে পুলিশ আর জি কর চিকিৎসা মহাবিদ্যালয় ও হাসপাতালের চারপাশের বে-আইনী গতিবিধি রোধ করার উদ্দেশ্যে ওই হাসপাতাল সংলগ্ন এলাকায় আজ সকাল থেকেই আগামী ৭ দিনের জন্য ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ নম্বর ধারা বলবৎ করেছে । কলকাতা পুলিশ গত ১৪ আগষ্ট রাতে ওই চিকিৎসা মহাবিদ্যালয়ে সংঘটিত হিংসাত্মক ঘটনার পরিপ্রক্ষিতে ষ্টুডেন্টস ফেডারেশন অব ইন্ডিয়ার দুজন ছাত্র নেতাকে গ্রেপ্তার করেছে ।

---

কলকাতার আর জি কর চিকিৎসা মহাবিদ্যালয় ও হাসপাতালের এই নারকীয় ঘটনার পরিপ্রেক্ষিতে গৌহাটি চিকিৎসা মহাবিদ্যালয় এবং হাসপাতাল কতৃপক্ষ সুরক্ষার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে । জি এম সি এইচ-এর অধ্যক্ষ ডাক্তার অচ্যুৎ বৈশ্যর জারী করা এক নির্দেশনা অনুসারে রাত্রিবেলা কর্তব্যরত মহিলা চিকিৎসকদের জন্য জি এম সি এইচ-এর কেজুয়েলিটি বিভাগে বিশেষ বাহণের ব্যবস্থা থাকবে । মূল হাসপাতাল প্রাঙ্গন , সুপার স্পেশিয়েলিটি হাসপাতাল , সি এন সেন্টার এবং তিন নম্বর ছাত্রাবাসে আসা যাওয়া করার জন্য কর্তব্যরত চিকিৎসকদের দায়িত্বে থাকা কেজুয়েলিটি আধিকারিকের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে । ওই আধিকারিক কর্তব্যরত মহিলা চিকিৎসকের জন্য বাহন ছাড়াও একজন মহিলা সুরক্ষা কর্মীর ব্যবস্থা করবেন ।

পৃথক আরো একটি নির্দেশনা অনুসারে রোগীর সঙ্গে আসা রেড কার্ড থাকা পরিবারের সদস্য ছাড়া গৌহাটি চিকিৎসা মহাবিদ্যালয় ও হাসপাতালে

সন্ধ্যা ৬টার পর অন্য কাউকে প্রবেশ করতে দেওয়া হবে না । নির্দেশনা অনুসারে হাসপাতাল প্রাঙ্গন থেকে কতৃত্বহীন লোকেদের রাতের বেলা বাইরে বের করে দেওয়ার জন্য সুরক্ষা কর্মীদের দায়িত্ব প্রদান করা হয়েছে ।

এদিকে , শিলচর মেডিকেল কলেজের জুনিয়র ডাক্তার এশোসিয়েশন তাদের লাগাতার প্রতিবাদ কার্যসূচি অব্যাহত রেখেছে । সংস্থার সাধারণ সম্পাদক জানিয়েছেন যে এই ঘটনার সঙ্গে যুক্ত দোষী ব্যাক্তির দৃষ্টান্ত মূলক শাস্তি না হওয়া পর্যন্ত তারা তাদের প্রতিবাদ কার্যসূচি অব্যাহত রাখবেন । এই প্রতিবাদী কার্যসূচির অংশ হিসেবে আজ বদরপুরেও একটি মিছিল বের হয় ওই মিছিলে বিক্ষোভকারীরা প্লেকার্ড এবং শ্লোগান দিয়ে এই জঘন্য ঘটনার সুবিচার ছাড়াও মহিলাদের জীবনের নিরাপত্তা প্রদানের দাবী জানান ।

২০২৬ সালের মধ্যে আসামকে দেশের দক্ষতা রাজধানী হিসেবে গড়ে তোলার জন্য রাজ্য সরকার পদক্ষেপ গ্রহণ করেছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে এ কথা জানিয়ে বলেছেন যে অত্যাধুনিক শিল্প প্রতিষ্ঠান এবং দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠানের কাজ অব্যাহত রয়েছে । রাজ্যের যুবক-যুবতীদের দক্ষতা এবং নিয়োগ যোগ্যতা বৃদ্ধির জন্য সরকার এই প্রচেষ্টা আরো গতিশীল করে তোলার লক্ষ্য স্থির করেছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন । তিনি বলেন যে সরকার কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ২০২২ সালের ১৩২ থেকে ২০২৬ সালে ২৫০ পর্যন্ত বৃদ্ধি করার লক্ষ্য নিয়েছে । আগে এই প্রতিষ্ঠানগুলিতে থাকা ২৪ হাজার আসন সংখ্যা ২০২৬ সালে ৫০ হাজার পর্যন্ত বৃদ্ধি করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান । এই প্রতিষ্ঠানগুলিতে নিয়োগ সন্ধানীদের জন্য কেরিয়ারের সুবিধা প্রদানের জন্য প্রশিক্ষণ কার্যসূচির ব্যবস্থা করা হবে বলেও তিনি জানিয়েছেন ।

---

---

আসামে প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে ২০ লক্ষের অধিক পাকা ঘরের অনুমোদন লাভ করেছে এবং এরমধ্যে ১৯ লক্ষের অধিক ঘরের নির্মান কার্য সম্পূর্ণ হয়েছে । রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস সামাজিক মাধ্যমে এই তথ্য প্রকাশ করেছেন । মন্ত্রী শ্রী দাস এই সাফল্যের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মাকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন । একই সঙ্গে তিনি গৃহ নির্মানের সঙ্গে যুক্ত সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়েছেন ।

---

কেন্দ্রীয় গ্রাহক সুরক্ষা কতৃপক্ষ ( সি-সি-পি ) ২০২২ সালের কেন্দ্রীয় লোকসেবা আয়োগের অসামরিক পরীক্ষার ফলাফল সম্পর্কে ভূয় এবং বিভ্রান্তিকর বিজ্ঞাপন প্রকাশ করার জন্য শ্রীরাম আই এস নামের প্রশিক্ষণ প্রতিষ্ঠানটির ওপর ৩ লক্ষ টাকার জরিমানা আরোপ করেছে । গ্রাহক পরিক্রমা, খাদ্য এবং গণবন্টন মন্ত্রনালয় জানিয়েছে যে গ্রাহক অধিকারের সুরক্ষা এবং প্রসারের জন্য এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । এই সিদ্ধান্ত সামগ্রী এবং সেবা সম্পর্কে ভূয় তথ্য তথা বিভ্রান্তিকর বিজ্ঞাপন বন্ধ করতে সহায়ক হবে । ২০১৯ সালের গ্রাহক সুরক্ষা আইন লঙ্ঘন সম্পর্কে সি-সি-পি-এর মুখ্য আয়ুক্ত নিধি খাড়ে এবং অন্য আরো একজন আয়ুক্ত অনুপম মিশ্র বলেছেন যে শ্রীরাম আই এস নামের প্রতিষ্ঠানটিকে এ ধরণের বিভ্রান্তিকর বিজ্ঞাপন তাৎক্ষণিকভাবে বন্ধ করার নির্দেশ দেওয়া হয়েছে । শ্রীরাম আই এস নামের শিক্ষা প্রতিষ্ঠানটি তাদের কেন্দ্রের ১৭১ জন প্রার্থী পরীক্ষায় সফল হয়েছিল বলে জানিয়ে প্রায় ২শো জন প্রার্থী সফল হতে পারেনি বলে তথ্য প্রকাশ করেছিল । মন্ত্রনালয় জানিয়েছে যে ওই প্রতিষ্ঠানের বেশ কিছু ক্ষমতা বাতিল করে দেওয়া হয়েছে ।

---

উত্তরপূর্ব সীমান্ত রেলোয়ে সাধারণ মানুষ ও রেলোয়ে কর্মীদের অসাধারণ বীরত্ব এবং নি:স্বার্থ পরিষেবার স্বীকৃতি স্বরুপ ঐতিহাসিক পদক্ষেপ হিসেবে এই জোনে প্রথমবারের জন্য চালু করা হলো কর্মবীর পুরষ্কার । এই পুরষ্কারের মাধ্যমে যাত্রী ও রেলোয়ে কমিউনিটির সুরক্ষা ও কল্যাণের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান যোগানো নিষ্ঠা ও দৃষ্টান্তমূলক পরিষেবার কাজকে সম্মান জানানো হয় ।স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে উত্তরপূর্ব সীমান্ত রেলোয়ের জেলার ম্যানেজার শ্রী চেতন কুমার শ্রীবাস্তব এবছরের কর্মবীর পুরষ্কার প্রাপকদের প্রশংসাপত্র ও নগদ টাকা দিয়ে পুরষ্কৃত করেন । তিনি পুরষ্কার প্রাপকদের অভিনন্দন জানানো সহ সাহসিকতার কাজকে স্বীকৃতি দেওয়ার ওপর গুরুত্ব আরোপ করেন ।তিনি রেলোয়ে কর্মী এবং সাধারণ নাগরিকের দ্বারা প্রদর্শিত নিষ্ঠা ও সাহসিকতার প্রশংসা করে বলেন যে তাদের এধরণের কাজ ভারতীয় রেলোয়ের মূল্যবোধকেই প্রতিফলিত করে । এমন কিছু ঘটনার মধ্যে পুরষ্কার প্রাপকদের মধ্যে বিশেষ স্বীকৃতি প্রদান করা হয় উত্তর ত্রিপুরার বিলথাইয়ের বাসিন্দা শ্রীমতী সুপ্রীতি আচার্যীকে । গত ৭ ই আগষ্ট রেল কর্মচারী না হোয়া সত্বেও শ্রী মতী সুপ্রীতি আচার্যী ধর্মনগর ও পানিসাগর ষ্টেশনের মধ্যে রেল ফ্র্যাকচার লক্ষ্য করে অসাধারণ সর্তকতা ও সাহসিকতা প্রদর্শন করেন । তাৎক্ষনিক সহায়তার অভাব সত্বেও তিনি হেল্পলাইন নম্বর ১৩৯ -এ কল করে প্রশাসনকে বিষয়টি জানিয়ে স্থানীয় মানুষদের একত্রিত করে সম্ভাব্য বিপর্যয় প্রতিরোধ করতে দ্রুত কাজ করেন । তার এই দৃষ্টান্তমূলক কাজের জন্য তাকে নগদ টাকার টোকেন সহ কর্মবীর পুরষ্কারে ভূষিত করা হয় ।

---

ভারতীয় আবহ্ বিজ্ঞান বিভাগ পরবর্তী ২-৩ দিন দেশের পূর্ব এবং মধ্য ভাগে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে আগাম সতর্কবার্তা জারী করেছে । বিভাগ জানিয়েছে যে উত্তর-পশ্চিম বঙ্গোপ সাগরে সৃষ্টি হওয়া নম্নচাপ বলয় উত্তর, উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়েছে এবং আগামীকালের মধ্যে বাংলাদেশ এবং পশ্চিমবঙ্গের গঙ্গা নদীর পার এলাকায় গভীর নিম্নচাপে রূপান্তরিত হওয়ার সম্ভাবনা রয়েছে । এর প্রভাবে আগামী সোমবার পর্যন্ত আসাম সহ মেঘালয় , নাগাল্যান্ড , মনিপুর , মিজোরাম , ত্রিপুরা , সিকিম , ওড়িষ্যা , ঝারখন্ড এবং পশ্চিমবঙ্গের হিমালয় তথা গঙ্গা নদীর পার এলাকা গুলিতে ভারী বৃষ্টপাতের প্রবল সম্ভাবনা রয়েছে ।

---

---

স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে গত বৃহস্পতিবার শিলচরের ইউমেন্স কলেজে মালতি শ্যাম ইউমেন্স স্টাডি সেন্টারের পক্ষ থেকে ষান্মাসিক পত্রিকা উত্তরণের প্রথম সংখ্যা প্রকাশ করা হয় । কলেগের গ্রন্থাগারিক ও মালতি শ্যাম উইমেন্স স্টাডি সেন্টারের কনভেনর ড: সরিতা ভট্টাচার্যের সম্পাদিত এই পত্রিকা প্রকাশ করেন কলেজের প্রাক্তন ভারপ্রাপ্ত অধ্যক্ষ অধ্যাপক ফাল্গুনী দে ও দুই প্রাক্তন অধ্যাপক গীতা দত্ত , অরুন্ধুতী মজুমদার ।সেই সংগে কলেজের রিসার্চ এবং পাবলিকেশন সেলের সম্পাদিত একটি গ্রন্থ  সময় সমাজ ও সাহিত্য  ও প্রকাশ করা হয় ।অনুষ্ঠানে কলেজের বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড: দেবশ্রী দত্ত বলেন কলেজের শিক্ষক শিক্ষিকাদের একান্ত প্রচেষ্টায় স্টাডি সেন্টারটি খোলা হয় ।ড: দত্ত  মালতি শ্যামের কথা বলতে গিয়ে  বলেন যে তিনি ছিলেন এক ব্যাতিক্রমী ব্যাক্তিত্ব । ১৯০৪ খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করলে ও তার চিন্তাধারা ছিল

কয়েক যুগ এগিয়ে । শিলচরের মতো অঞ্চলে মহিলাদের রাজনৈতিক , মানসিক ও সর্বাংগীন উন্নতির ক্ষেত্রে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে মালতি শ্যাম অন্যতম ব্যাক্তিত্ব ছিলেন বলে ড: দত্ত উল্লেখ করেন ।

---

নশা বিরোধী অভিযানে করিমগঞ্জ পুলিশ আবারো বৃহৎ সাফল্য অর্জন করতে পেরেছে । গতকাল জেলার বাজারিছরা পুলিশের একটি দল গোপন সূত্রের খবরের ভিত্তিতে বাজাড়িছড়া এলাকার ঢেংগারবন্দ গ্রামে অভিযান চালিয়ে বৃহৎ পরিমানের ইয়াবা টেবলেট সহ এক ব্যাক্তিকে আটক করে । জানা গেছে ধৃত যুবক বারিগ্রামের ছাগলাই গ্রামের বাসিন্দা । পুলিশ ধৃত ব্যাক্তির কাছ থেকে ২০টি প্যাকেটে ২০ হাজার টাকার ইয়াবা টেবলেট জব্দ করেছে ।এই টেবলেটের বাজারমূল্য প্রায় ১ কোটি টাকা । এদিকে বদরপুর পুলিশ ধৃত ব্যাক্তির বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা দায়ের করে জিজ্ঞাসাবাদ চালিয়ে যাচ্ছে ।আগামীকাল তাকে আদালতে হাজির করা হবে ।

---

xxxxx